

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
পরিবেশ-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ/১১ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৭৫-আইন/২০২০—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিল ১১ এর ক্রমিক নং (৮) এ বর্ণিত “সালফিউরিক এসিড বিচ্ছুরণের ক্ষেত্রে স্ট্যাকের সর্বনিম্ন উচ্চতা (মিটারে)” এর আওতায় “(ক) কয়লা জ্বালানীভিত্তিক বিদ্যুৎকেন্দ্র” শীর্ষক স্থিতিমাপ এবং তদবিপরীতে উল্লিখিত উচ্চতার পরিবর্তে নিম্নরূপ স্থিতিমাপ ও উচ্চতা প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র :

- (১) পরিবেশগত সংবেদনশীল এলাকার (যথা—প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ECA), জাতীয় উদ্যান, বন্যপ্রাণী অভয়ারণ্য, সংরক্ষিত বনভূমি বা বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত অন্যান্য সংবেদনশীল এলাকা) সীমানা হইতে ১৫ কিলোমিটারের বাহিরে অবস্থিত বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে—

এয়ার ডিসপারশন মডেলিং (Air Dispersion Modeling) ব্যবহার করিয়া চিমনির বিভিন্ন উচ্চতার জন্য SO<sub>2</sub>, NO<sub>x</sub>, PM<sub>10</sub> এবং PM<sub>2.5</sub>, এর ভূমিপৃষ্ঠ হইতে সর্বোচ্চ মানমাত্রা (Maximum Ground Level Concentration) নির্ণয় করিতে হইবে। এইক্ষেত্রে USEPA Guideline on Air Quality Models (Appendix “W” of 40CFR, Part-51) অনুসারে প্রকল্প এলাকা সংশ্লিষ্ট উপাত্ত (কমপক্ষে ০৩ বৎসরের আবহাওয়া, ভূ-পৃষ্ঠের

(৩৫৩৫)

মূল্য : টাকা ৪.০০

প্রকৃতি, নিকটবর্তী স্থাপনা ইত্যাদি) এবং প্রকল্প সংশ্লিষ্ট সূচকসমূহ (কয়লা সরবরাহকারীর সহিত সম্পাদিত চুক্তি মোতাবেক কয়লার গুণগতমান এবং EPC চুক্তি মোতাবেক FGD-র কর্মদক্ষতা ইত্যাদি) ব্যবহার করিয়া USEPA কর্তৃক অনুমোদিত Air Dispersion Model দ্বারা উল্লিখিত স্থিতিমাপসমূহের (Parameters) দৈনিক ও বার্ষিক গড় নিরূপণ করিতে হইবে। প্রকল্প সংশ্লিষ্ট সূচকের বিরূপ পরিস্থিতি বিবেচনায় (Worst Case Scenario) সংশ্লিষ্ট চিমনির উচ্চতার জন্য মডেলিং হইতে প্রাপ্ত SO<sub>2</sub>, NO<sub>x</sub>, PM<sub>10</sub> এবং PM<sub>2.5</sub> এর ভূমিপৃষ্ঠ হইতে সর্বোচ্চ মানমাত্রা বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালায় অন্তর্ভুক্ত বায়ুর মানমাত্রা (বা এতদসংশ্লিষ্ট EPC চুক্তির আবশ্যিকীয় শর্তের মধ্যে যাহা কঠোরতর) অতিক্রম করে না, তাহাই হইবে চিমনির সর্বনিম্ন উচ্চতা :

তবে শর্ত থাকে যে, এই পদ্ধতি হইতে প্রাপ্ত চিমনির উচ্চতা নিম্নবর্ণিত উচ্চতা হইতে কম হইবে না, যথা :—

৫০০ মেগাওয়াটের অধিক	-	২২০ মিটার
২০০—৫০০ মেগাওয়াট	-	১৫০ মিটার
২০০ মেগাওয়াটের নিম্নে	-	১০০ মিটার

- (২) পরিবেশগত সংবেদনশীল এলাকার (যথা :-প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ECA), জাতীয় উদ্যান, বন্যপ্রাণী অভয়ারণ্য, সংরক্ষিত বনভূমি বা বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত অন্যান্য সংবেদনশীল এলাকা) সীমানা হইতে ১৫ কিলোমিটারের মধ্যে অবস্থিত বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে—

ক্রমিক নং (১) এ বর্ণিত Air Dispersion Modeling পদ্ধতিতে চিমনির উচ্চতা নিরূপণ ছাড়াও USEPA অনুমোদিত Modeling Tools প্রয়োগের মাধ্যমে সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র হইতে নির্গত পরিবেশ দূষণকারী কণাসমূহের দীর্ঘ পরিসীমায় বিক্ষেপণের ফলে এসিড বৃষ্টি (Acid Rain) তৈরির সম্ভাবনা নিরূপণ ও বিশ্লেষণ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, এই পদ্ধতি হইতে প্রাপ্ত চিমনির উচ্চতা নিম্নবর্ণিত উচ্চতা হইতে কম হইবে না, যথা:—

৫০০ মেগাওয়াটের অধিক	-	২৭৫ মিটার
২০০—৫০০ মেগাওয়াট	-	২২০ মিটার
২০০ মেগাওয়াটের নিম্নে	-	১৫০ মিটার

নোট: উভয় ক্ষেত্রে বায়ু দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে সকল প্রকার কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য Flue Gas Desulphurization (FGD), Electro Static Precipitator (ESP) এবং Advanced Low NO<sub>x</sub> Burner প্রযুক্তির ব্যবহার বাধ্যতামূলক।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
জিয়াউল হাসান এনডিসি  
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd